# তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

## কমিশন সভার কার্যবিবরণী:

**সভাপতি** : **ডক্টর আবদুল মালেক**
প্রধান তথ্য কমিশনার

**সভার তারিখ** : ১২/০৮/২০২৪ **সময়:** বেলা ১১.০০ টা

**স্থান** : কমিশনের সভাকক্ষ। **উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সচিব, তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | গত ০১/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | গত ০১/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহ: পরিচালক (প্রশা:) |
| ০২ | নতুন পদ সৃজন | পদ সৃজন সম্পর্কিত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সুপারিশ ও বাস্তবতা বিবেচনায় নতুন পদ সৃজনের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুত করে আগামী ১৯/০৮/২০২৪ তারিখের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | পদ সৃজন সম্পর্কিত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সুপারিশ ও বাস্তবতা বিবেচনায় নতুন পদ সৃজনের পূর্ণাঙ্গ প্রস্তাব আগামী ১৯/০৮/২০২৪ তারিখের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৩ | শূন্য পদে নিয়োগ প্রদান | ২০১৭ এবং ২০১৯ সালে শূন্য পদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কিন্তু পদগুলো সংরক্ষণ ও ছাড়পত্র না থাকায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়নি। পদগুলো সংরক্ষণ এর কার্যক্রম চলমান রয়েছে। ২০২২ সালে আউটসোর্সিং এর ১৩টি পদ রাজস্বখাতে স্থানান্তর করা হয়েছে। এছাড়া ০৩/০৫/২০২২ তারিখে রাজস্বখাতে কর্মরত একজন গাড়িচালক মৃত্যুবরণ করায় গাড়িচালকের একটি পদ শূন্য হয়েছে। বর্ণিত পদগুলিতে নিয়োগের জন্য নিয়োগ/বাছাই কমিটি গঠন করা হয়েছে। অদ্যকার সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল শূন্য পদে জরুরিভিত্তিতে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে কমিশন একমত পোষণ করেন। | তথ্য কমিশন বাংলাদেশ এর রাজস্বখাতের সকল শূন্য পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে জরুরিভিত্তিতে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |
| ০৪ | বিদ্যমান নিয়োগ বিধিমালার তফসিল সংশোধন | "তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা, ২০১১" এর তফসিলে বিভিন্ন ক্যাটাগরির পদ থেকে উচ্চপদে পদোন্নতির | সরকারি বিভিন্ন দপ্তর/সংস্থার ন্যায় কমিশনের বিদ্যমান নিয়োগ বিধিমালার তফসিল সংশোধন করে | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সুযোগ না থাকায় কমিশনের কর্মচারীগণ পদোন্নতি বঞ্চিত হচ্ছে। সরকারি বিভিন্ন দপ্তর/সংস্থার ন্যায় কমিশনের বিদ্যমান নিয়োগ বিধিমালার তফসিল সংশোধন করে কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতিসহ অন্যান্য সুযোগ সৃষ্টি করতে হবে মর্মে কমিশন একমত পোষণ করেন। | কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতিসহ অন্যান্য সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৫ | পদোন্নতি প্রদান | তথ্য কমিশন বাংলাদেশ এর বিদ্যমান অর্গানোগ্রামে উপপরিচালকের ০২টি পদে পদোন্নতিযোগ্য (চাকরিকাল বিবেচনায়) ০২ জন সহকারী পরিচালক কে পদোন্নতি প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির কার্যক্রম অতিশীঘ্রই সম্পন্ন করে কমিশনের নিকট সুপারিশ প্রদানের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।<br>এছাড়া অফিস সুপার পদে পদোন্নতিযোগ্য প্রার্থীদের (চাকরিকাল বিবেচনায়) পদোন্নতি প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির কার্যক্রম ও অতিশীঘ্রই সম্পন্ন করে কমিশনের নিকট সুপারিশ প্রদানের বিষয়ে ও কমিশন একমত পোষণ করেন। | ক) তথ্য কমিশন বাংলাদেশ এর বিদ্যমান অর্গানোগ্রামে উপপরিচালকের ০২টি পদে পদোন্নতিযোগ্য (চাকরিকাল বিবেচনায়) ০২ জন সহকারী পরিচালক কে পদোন্নতি প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির কার্যক্রম ও অতিশীঘ্রই সম্পন্ন করে কমিশনের নিকট সুপারিশ প্রদান করতে হবে।<br>খ) অফিস সুপার পদে পদোন্নতিযোগ্য প্রার্থীদের (চাকরিকাল বিবেচনায়) পদোন্নতি প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির কার্যক্রম ও অতিশীঘ্রই সম্পন্ন করে কমিশনের নিকট সুপারিশ প্রদান করতে হবে। | পদোন্নতির নিমিত্ত গঠিত বাছাই কমিটি |
| ০৬ | উচ্চতর গ্রেড বঞ্চিত কর্মচারীদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মরত যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ চাকরিকাল ১০ বছর অতিক্রম হওয়ার পরও বিভিন্ন কারণে উচ্চতর গ্রেড প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছেন তাদের বিষয়টি নিষ্পত্তি করে উচ্চতর গ্রেডসহ অন্যান্য সুবিধা প্রদানের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মরত যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ চাকরিকাল ১০ বছর অতিক্রম হওয়ার পরও বিভিন্ন কারণে উচ্চতর গ্রেড প্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছেন তাদের বিষয়টি নিষ্পত্তি করে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৭ | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পেনশন সুবিধা (GPF) চালুকরণ | সরকারী বিভিন্ন দপ্তর/সংস্থার ন্যায় তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পেনশন সুবিধা (GPF) চালুকরণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | সরকারী বিভিন্ন দপ্তর/সংস্থার ন্যায় তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য পেনশন সুবিধা (GPF) চালুকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |
| ০৮ | বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ বোর্ডে তথ্য কমিশন বাংলাদেশ এর নাম অন্তর্ভুক্তকরণ | তথ্য কমিশন বাংলাদেশকে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের তালিকাভুক্ত করার জন্য তথ্য কমিশন বাংলাদেশ থেকে ২০১৮ সাল থেকে শুরু করে সর্বশেষ গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে পত্র প্রেরণ করা হয়। কিন্তু এখন পর্যন্ত নাম অন্তর্ভুক্ত না হওয়ায় পুনরায় পত্র প্রেরণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | তথ্য কমিশন বাংলাদেশকে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের তালিকাভুক্ত করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে পুনরায় পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৯ | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে সরকারী বাসা বরাদ্দের লক্ষ্যে তথ্য ও | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে সরকারী বাসা বরাদ্দের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে কমিশনের নাম তালিকাভুক্তকরণের লক্ষ্যে পত্র প্রেরণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে সরকারী বাসা বরাদ্দের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে কমিশনের নাম তালিকাভুক্তকরণের লক্ষ্যে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | সম্প্রচার মন্ত্রণালয়ে কমিশনের নাম তালিকাভুক্তকরণ | | | |
| ১০ | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ অনুযায়ী ০২টি বিশেষ বেতন বর্ধন | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ১৩ অনুযায়ী কোন কর্মচারীকে প্রশংসনীয় ও অসাধারণ কাজের জন্য সর্বোচ্চ ০২টি বিশেষ বেতন বর্ধনের বিধান রয়েছে। উক্ত বিধান অনুযায়ী কমিশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কে প্রশংসনীয় ও অসাধারণ কাজের জন্য ০২টি বিশেষ বেতন বর্ধনের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ১৩ অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কে প্রশংসনীয় ও অসাধারণ কাজের জন্য ০২টি বিশেষ বেতন বর্ধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |
| ১১ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদান | সরকারী অন্যান্য দপ্তর ও সংস্থার ন্যায় তথ্য কমিশন বাংলাদেশ এ অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম শুরু করার জন্য কমিশন একমত পোষণ করেন। | সরকারী অন্যান্য দপ্তর ও সংস্থার ন্যায় তথ্য কমিশন বাংলাদেশ এ অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (গ.প্র.প্র.)<br>২। উপপরিচালক (গ.প্র.প্র.)<br>৩। সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| ১২ | অধিকাল ভাতা | তথ্য কমিশনের অনেক কর্মচারীকে দাপ্তরিক কাজের প্রয়োজনে প্রায় দিনেই অফিস সময়ের পরে কাজ করতে হয়। সে ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার ন্যায় তাদেরকে বিধি মোতাবেক অধিকাল ভাতা প্রদানের বিষয়ে কমিশন একমত পোষন করেন। | দাপ্তরিক কাজের প্রয়োজনে অফিস সময়ের পরে দায়িত্ব পালনের জন্য কর্মচারীদেরকে অন্যান্য দপ্তর/সংস্থার ন্যায় বিধি মোতাবেক অধিকাল ভাতা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (হিসাব ও বাজেট) |
| ১৩ | এডহোকভিত্তিতে লোক নিয়োগ | তথ্য কমিশন বাংলাদেশ এর অর্গানোগ্রাম অনুযায়ী বেশ কিছু পদ শূন্য রয়েছে যে পদগুলোর জনবল দ্বারা কম্পিউটারে টাইপ করানো যায়। জনবল না থাকায় দাপ্তরিক কাজ (প্রশাসনিক ও অভিযোগ সংক্রান্ত) সঠিক সময়ে সম্পাদন করা সম্ভব হচ্ছে না বিধায়, আপাতত: এডহোক ভিত্তিতে কিছু জনবল নিয়োগ দেয়ার বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | তথ্য কমিশন বাংলাদেশ এর দাপ্তরিক কাজ (প্রশাসনিক ও অভিযোগ সংক্রান্ত) সঠিক সময়ে সম্পাদন করার লক্ষ্যে আপাতত: এডহোক ভিত্তিতে কিছু জনবল নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-**
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

CamScanner

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪. ১২৫৮

তারিখ: ১২/০৮/২০২৪

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৩) উপপরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৪) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
৫) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
৬) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৭) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ
৮) সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৯) অফিস কপি

১২/০৮/২৪

**(হেলাল আহমেদ)**
সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ

CamScanner

# তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.infocom.gov.bd

## কমিশন সভার কার্যবিবরণী:

**সভাপতি** : **ডক্টর আবদুল মালেক**
প্রধান তথ্য কমিশনার

**সভার তারিখ** : ১৪/০৮/২০২৪ **সময়:** বেলা ১২.৩০ টা

**স্থান** : কমিশনের সভাকক্ষ। **উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সচিব, তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী কমিশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ | গত ০১/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। গত ০১/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণীর ০৩ নং ক্রমিকে উল্লিখিত বিষয় "তথ্য কমিশন বাংলাদেশ এর দাপ্তরিক ই-মেইল আইডি প্রসংগ ব্যতিত" অন্য সকল বিষয়ে দৃঢ়করণ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | গত ০১/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণীর ০৩ নং ক্রমিকে উল্লিখিত বিষয় "তথ্য কমিশন বাংলাদেশ এর দাপ্তরিক ই-মেইল আইডি প্রসঙ্গে" বাদে অন্য সকল বিষয়ে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহ: পরিচালক (প্রশা:) |
| ০২ | তথ্য কমিশন বাংলাদেশ এর হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদে কর্মরত কর্মচারীদের চাকরিকাল ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রদান | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের চাকরিকাল ১০ বছর পূর্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী উচ্চতর গ্রেড প্রদান বিষয়ে ইতোপূর্বের গত ২২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত ২.২ নিম্নরূপ:<br>"জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার এর চাকরি ১০বছর পূর্তি হয়েছে। কিন্তু তাদের নিয়োগপ্রাপ্ত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১১ ও ১৭) যা তথ্য কমিশনের পদমঞ্জরি পত্র ও অর্থ বিভাগের বেতন নির্ধারণী পত্র অনুযায়ী অনুমোদিত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১৩ ও ১৮) এর সাথে তারতম্য থাকার বিষয়টি পর্যালোচনান্তে আগামী ০১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য ০৩ সদস্য বিশিষ্ট নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) পরিচালক (গ.প্র.প্র.), তথ্য কমিশন—আহবায়ক<br>খ) উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন--- সদস্য<br>গ) সহকারী পরিচালক (হি: ও বা:), তথ্য কমিশন--- সদস্য সচিব<br>এছাড়া উক্ত তারমত্য সংশোধন/ নিষ্পত্তি হওয়ার পর পরবর্তীতে উচ্চতর গ্রেড প্রদান বিষয়টি বিবেচনা করা হবে।"<br>সিদ্ধান্ত মোতাবেক গঠিত উক্ত কমিটি তাদের | জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৭ নভেম্বর ২০২৩ তারিখে জারীকৃত ১৫.৫১.০০০০.৫০১.০২.০০১.০৯-৫৫৯ নং স্মারক (হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন সংক্রান্ত আদেশ) এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৫৮৭/২০২৪ দাখিল করে। মহামান্য আদালতের বিচারাধীন বিষয় হওয়ায় তাদের বিষয়ে চূড়ান্ত রায় পেলে তদানুযায়ী প্রয়োজন বোধে ভূতাপেক্ষ সুবিধাদি প্রদান করা হবে। | |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বেতনস্কেল সংশোধনের জন্য অর্থ বিভাগের পত্র প্রেরণের সুপারিশ করে। সে অনুযায়ী অর্থ বিভাগে মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়। অর্থ বিভাগ হতে বেতনস্কেল সংশোধন না করে অনুমোদিত বেতনস্কেল সঠিক আছে মর্মে মতামত প্রদান করে।<br><br>উক্ত মতামতের ভিত্তিতে তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৭ নভেম্বর ২০২৩ তারিখে জারীকৃত ১৫.৫১.০০০০.৫০১.০২.০০১.০৯-৫৫৯ নং স্মারক (হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন সংক্রান্ত আদেশ) এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫৮৭/২০২৪ দাখিল করে। উক্ত রীট পিটিশনের বিষয়ে ২৭/০৩/২০২৪ তারিখের কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লিভ টু আপীল দায়ের করা হলেও উক্ত বিষয়ে কোন আদেশ হয়নি বিধায়, মহামান্য হাই কোর্টের রীট পিটিশন নং- ৫৮৭/২০২৪ এর আদেশ মোতাবেক পূর্বের উত্তোলিত হারে বর্ণিত দুই কর্মচারীকে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি যেহেতু মহামান্য হাইকোর্টে বিচারাধীন রয়েছে এবং অর্থ বিভাগের মতামতের উপর ভিত্তি করে তথ্য কমিশন থেকে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লিভ টু আপীল দায়ের করা হয়েছে বিধায় এটি একটি জটিল আইনগত বিষয় জড়িত রয়েছে। এমতাবস্থায় মহামান্য আদালতের বিচারাধীন বিষয় হওয়ায় তাদের বিষয়ে চূড়ান্ত রায় পেলে প্রয়োজনবোধে তদানুযায়ী ভূতাপেক্ষ সুবিধাদি প্রদান করা হবে মর্মে কমিশন একমত পোষণ করেন। | | |
| ০৩ | তথ্য কমিশন বাংলাদেশ এর প্রোগ্রামার পদে পদোন্নতি প্রদান; | তথ্য কমিশন বাংলাদেশ এর বিদ্যমান অর্গানোগ্রামে প্রোগ্রামার এর ০১টি পদ রয়েছে। উক্ত পদটি পদসৃষ্টির পর থেকে শূন্য রয়েছে। ২০১৭ ও ২০১৯ সালে উক্ত পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও এখন পর্যন্ত নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়নি।<br>উল্লেখ্য, ০৫/০১/২০১৬ তারিখের ১১(১৭) স্মারক মূলে তথ্য কমিশন বাংলাদেশ এ সহকারী প্রোগ্রামার পদে জনাব মোঃ তরিকুল ইসলাম গত ০১/০২/২০১৬ তারিখ যোগদান করেন এবং গত ২৮/০৫/২০১৮ তারিখ ১৪৬৮ স্মারক মূলে সহকারী প্রোগ্রামার পদে তার চাকুরি স্থায়ী করা হয় । বর্তমানে তথ্য কমিশনে তার চাকরিকাল ০৮ বছর ৬ মাস। তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ ও কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা ২০১৯ অনুযায়ী সহকারী প্রোগ্রামার জনাব মো: তরিকুল ইসলাম প্রোগ্রামার পদে পদোন্নতির যোগ্যতা (চাকরিকাল বিবেচনায়) অর্জন করায় প্রোগ্রামার পদে পদোন্নতির জন্য গত ০২/০২/২০২২ তারিখ আবেদন দাখিল করেন। তাঁর আবেদন বিবেচনায় নিয়ে ২২/৩/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার মাধ্যমে 'প্রোগ্রামার' পদে সরাসরি নিয়োগ না দিয়ে জনাব মোঃ তরিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামারকে পদোন্নতির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সে | প্রোগ্রামার এর শূন্য পদে সহকারী প্রোগ্রামারকে পদোন্নতি প্রদানের জন্য গত ৫ এপ্রিল, ২০২২ তারিখে ১০২ স্মারক মূলে গঠিত বাছাই কমিটি সভা আহবান করবে। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br><br>২। পরিচালক (প্রশাসন)<br>ও<br>গঠিত কমিটি |

| | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যে ০৫/০৪/২০২২ তারিখ ১০২ স্মারকমূলে ০৫ সদস্য বিশিষ্ট পদোন্নতি কমিটি গঠন করা হয়। পরবর্তীতে গঠিত কমিটি কোন কার্যক্রম পরিচালনা করেননি।<br><br>প্রোগ্রামার এর শূন্য পদে সহকারী প্রোগ্রামারকে পদোন্নতি প্রদানের বিষয়ে ০৫/০৪/২০২২ তারিখ ১০২ স্মারকমূলে গঠিত বাছ কমিটিকে সভা আহবানের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | | |
| ০৪ | তথ্য কমিশন বাংলাদেশ এর ২০২৪-২৫ অর্থবছরে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও সিম্পোজিয়াম এর খাতভিত্তিক ব্যয় নির্ধারণ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের তারিখের স্মারক এর নির্দেশনা অনুযায়ী ৬০ ঘন্টার অভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যতীত তথ্য কমিশন বাংলাদেশ এর ২০২৪-২৫ অর্থবছরে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও সিম্পোজিয়াম এর খাতভিত্তিক ব্যয় নির্ধারণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>২০২৪-২০২৫ অর্থবছরে বাজেট সংকুলান সাপেক্ষে ফরিদপুর, কিশোরগঞ্জ, পাবনা, নাটোর, ভোলা, রাঙ্গামাটি, লালমনিরহাট, রংপুর, ঠাকুরগাঁও, মেহেরপুর, ঝিনাইদহ, বাগেরহাট জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক জেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি এবং জনঅবহিতকরণ সভা ও উপজেলা পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগনের (আরটিআই) জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ২০২৪-২৫ অর্থবছরে প্রতিটি কোয়াটারে তথ্য অধিকার আইন বিষয়ে মতবিনিময় সভা/সেমিনার/ কর্মশালা /সিম্পোজিয়াম আয়োজনের বিষয়ে কমিশন একমত পোষণ করে। এজন্য বিপিএটিসি, এনএপিডি, এনআইএলজি, জুডিশিয়াল ট্রেনিং ইনস্টিটিউট থেকে সংগ্রহকৃত প্রদত্ত সম্মানী এবং অন্যান্য খাত ভিত্তিক ব্যয় হার সভায় পর্যালোচনা করা হয়। অতপর সামগ্রীক বিবেচনা করে নিম্নরূপ হারে খাত ভিত্তিক ব্যয় নির্ধারণের বিষয়ে আলোচনা হয়ঃ<br>**<u>(ক) জেলা পর্যায়ঃ</u>**<br>(১) প্রশিক্ষণ আয়োজন ব্যয়ঃ<br>(সকালের নাস্তা, দুপুরের খাবার, ব্যানার ও আনুষঙ্গিক)<br>৬০ জনের জন্য পূর্বনির্ধারিত ২২,৫০০/- টাকার পরিবর্তে ৩০,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(২) জনঅবহিতকরণ সভার আয়োজন ব্যয়ঃ<br>(নাস্তা, ব্যানার, ডেকোরেশন ও আনুষঙ্গিক)<br>৪০০ জনের জন্য পূর্বনির্ধারিত ৩০,০০০/- টাকার পরিবর্তে ৪০,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(৩) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জন প্রতি পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।<br>(৪) রিসোর্স পার্সনের সম্মানীঃ | ২০২৪-২০২৫ অর্থবছরে বাজেট সংকুলান সাপেক্ষে ফরিদপুর, কিশোরগঞ্জ, পাবনা, নাটোর, ভোলা, রাঙ্গামাটি, লালমনিরহাট, রংপুর, ঠাকুরগাঁও, মেহেরপুর, ঝিনাইদহ, বাগেরহাট জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক জেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি এবং জনঅবহিতকরণ সভা ও উপজেলা পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগনের (আরটিআই) জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ২০২৪-২৫ অর্থবছরে প্রতিটি কোয়াটারে তথ্য অধিকার আইন বিষয়ে মতবিনিময় সভা, সেমিনার/কর্মশালা আয়োজনের ব্যবস্থা করা হবে।<br>এছাড়া নিম্নরূপ হারে খাত ভিত্তিক ব্যয় নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>**<u>(ক) জেলা পর্যায়ঃ</u>**<br>(১) প্রশিক্ষণ আয়োজন ব্যয়ঃ<br>(সকালের নাস্তা, দুপুরের খাবার, ব্যানার ও আনুষঙ্গিক)<br>৬০ জনের জন্য পূর্বনির্ধারিত ২২,৫০০/- টাকার পরিবর্তে ৩০,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(২) জনঅবহিতকরণ সভার আয়োজন ব্যয়ঃ<br>(নাস্তা, ব্যানার, ডেকোরেশন ও আনুষঙ্গিক)<br>৪০০ জনের জন্য পূর্বনির্ধারিত ৩০,০০০/- টাকার পরিবর্তে ৪০,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(৩) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জন প্রতি পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।<br>(৪) রিসোর্স পার্সনের সম্মানীঃ<br>(ক) প্রধান তথ্য কমিশনার/তথ্য | ১। পরিচালক (গ.প্র.প্র.)<br><br>২। উপপরিচালক (গ.প্র.প্র.)<br><br>৩। সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (ক) প্রধান তথ্য কমিশনার/তথ্য কমিশনারগণের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৪,০০০/- পুনঃনির্ধারণ।<br>(খ) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এর জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,৫০০/- পুনঃনির্ধারণ।<br>(গ) তথ্য কমিশনের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য রিসোর্স পার্সন/প্রশিক্ষকের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,০০০/- পুনঃনির্ধারণ।<br>(৫) সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- বলবৎ।<br><br>**<u>(খ) উপজেলা পর্যায়ঃ</u>**<br>(১) প্রশিক্ষণ আয়োজন ব্যয়ঃ<br>(সকালের নাস্তা, দুপুরের খাবার, ব্যানার ও আনুষঙ্গিক)<br>৬০ জনের জন্য পূর্বনির্ধারিত ২২,৫০০/- টাকার পরিবর্তে ৩০,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(২) জনঅবহিতকরণ সভার আয়োজন ব্যয়ঃ<br>(নাস্তা, ব্যানার, ডেকোরেশন ও আনুষঙ্গিক)<br>২৫০ জনের জন্য পূর্বনির্ধারিত ২২,৫০০/- টাকার পরিবর্তে ২৫,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(৩) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জন প্রতি পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।<br>(৪) রিসোর্স পার্সনের সম্মানীঃ<br>(ক) প্রধান তথ্য কমিশনার/তথ্য কমিশনারগণের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৪,০০০/- পুনঃনির্ধারণ।<br>(খ) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এর জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,৫০০/- পুনঃনির্ধারণ।<br>(গ) তথ্য কমিশনের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য রিসোর্স পার্সন/প্রশিক্ষকের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,০০০/- পুনঃনির্ধারণ।<br>(৫) সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।<br>(৬) উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য কর্মকর্তাদ্রে যাতায়াতের নিমিত্ত জ্বালানী ব্যয় পূর্বনির্ধারিত ৩,০০০/- টাকা বলবৎ।<br><br>**<u>(গ) তথ্য কমিশন কার্যালয়ে আয়োজিত প্রশিক্ষণের ব্যয়ের হার পূর্বে নির্ধারিত ছিলনা যা নিম্নরূপ হারে নির্ধারণঃ</u>**<br>(১) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জন প্রতি ২,০০০/- টাকা। | কমিশনারগণের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৪,০০০/- পুনঃনির্ধারণ।<br>(খ) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এর জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,৫০০/- পুনঃনির্ধারণ।<br>(গ) তথ্য কমিশনের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য রিসোর্স পার্সন/প্রশিক্ষকের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,০০০/- পুনঃনির্ধারণ।<br>(৫) সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- বলবৎ।<br><br>**<u>(খ) উপজেলা পর্যায়ঃ</u>**<br>(১) প্রশিক্ষণ আয়োজন ব্যয়ঃ<br>(সকালের নাস্তা, দুপুরের খাবার, ব্যানার ও আনুষঙ্গিক)<br>৬০ জনের জন্য পূর্বনির্ধারিত ২২,৫০০/- টাকার পরিবর্তে ৩০,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(২) জনঅবহিতকরণ সভার আয়োজন ব্যয়ঃ<br>(নাস্তা, ব্যানার, ডেকোরেশন ও আনুষঙ্গিক)<br>২৫০ জনের জন্য পূর্বনির্ধারিত ২২,৫০০/- টাকার পরিবর্তে ২৫,০০০/- পুনঃ নির্ধারণ।<br>(৩) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জন প্রতি পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।<br>(৪) রিসোর্স পার্সনের সম্মানীঃ<br>(ক) প্রধান তথ্য কমিশনার/তথ্য কমিশনারগণের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৪,০০০/- পুনঃনির্ধারণ।<br>(খ) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এর জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,৫০০/- পুনঃনির্ধারণ।<br>(গ) তথ্য কমিশনের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য রিসোর্স পার্সন/প্রশিক্ষকের জন্য সেশন প্রতি পূর্বনির্ধারিত ২,৫০০/- টাকার পরিবর্তে ৩,০০০/- পুনঃনির্ধারণ। | |

| আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (২) রিসোর্স পার্সনের সম্মানী (ঘন্টা প্রতি ০১টি সেশন):<br><br>(ক) প্রধান তথ্য কমিশনার/তথ্য কমিশনারগণের জন্য সেশন প্রতি ৪,০০০/- টাকা।<br>(খ) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এর জন্য সেশন প্রতি ৩,৫০০/- টাকা।<br><br>(গ) তথ্য কমিশনের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য রিসোর্স পার্সন/প্রশিক্ষকের জন্য সেশন প্রতি ৩,০০০/- টাকা।<br>(ঘ) সার্পোট সহায়তাকারীগণের সম্মানীঃ<br>(১) অফিস সহায়ক ব্যতিত অন্যান্য পর্যায়ের কর্মচারী (১০ম গ্রেড বা তদনিম্ন পর্যায়ের কর্মচারী ) জন প্রতি ১,৫০০/- টাকা।<br>(২) অফিস সহায়ক বা সমপর্যায়ের কর্মচারীর ক্ষেত্রে জন প্রতি ১,০০০/- টাকা।<br>**(ঘ)** ইতোঃপূর্বে গত ০৯ জুন ২০২৪ তারিখে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার চীফ রিপোর্টারগণকে এবং ১০ জুন ২০২৪ তারিখে বিভিন্ন অধিদপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের (আরটিআই) জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালা ০২ (দুই)টিতে খাত ভিত্তিক বিভিন্ন ব্যয় (প্রশিক্ষক/রিসোর্স পার্সনের সম্মানী, প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা, কোর্স পরিচালক, কোর্স সমন্বয়ক ও সাপোর্ট স্টাফসহ অন্যান্য আয়োজন ব্যয়) অনুমোদনের বিষয়ে একমত পোষণ করে। | (৫) সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।<br>(৬) উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য কর্মকর্তাদরে যাতায়াতের নিমিত্ত জ্বালানী ব্যয় পূর্বনির্ধারিত ৩,০০০/- টাকা বলবৎ।<br><br>**<u>(গ) তথ্য কমিশন কার্যালয়ে আয়োজিত প্রশিক্ষণের ব্যয়ের হার পূর্বে নির্ধারিত ছিলনা যা নিম্নরূপ হারে নির্ধারণ করা হলোঃ</u>**<br>(১) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা জন প্রতি ২,০০০/- টাকা।<br>(২) রিসোর্স পার্সনের সম্মানী (ঘন্টা প্রতি ০১টি সেশন):<br><br>(ক) প্রধান তথ্য কমিশনার/তথ্য কমিশনারগণের জন্য সেশন প্রতি ৪,০০০/- টাকা।<br>(খ) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ এর জন্য সেশন প্রতি ৩,৫০০/- টাকা।<br>(গ) তথ্য কমিশনের কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য রিসোর্স পার্সন/প্রশিক্ষকের জন্য সেশন প্রতি ৩,০০০/- টাকা।<br>(ঘ) সার্পোট সহায়তাকারীগণের সম্মানীঃ<br>(১) অফিস সহায়ক ব্যতিত অন্যান্য পর্যায়ের কর্মচারী (১০ম গ্রেড বা তদনিম্ন পর্যায়ের কর্মচারী ) জন প্রতি ১,৫০০/- টাকা।<br>(২) অফিস সহায়ক বা সমপর্যায়ের কর্মচারীর ক্ষেত্রে জন প্রতি ১,০০০/- টাকা।<br>**(ঘ)** ইতোঃপূর্বে গত ০৯ জুন ২০২৪ তারিখে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার চীফ রিপোর্টার/সিনিয়র সাংবাদিকদের এবং ১০ জুন ২০২৪ তারিখে ঢাকায় অবস্থিত বিভিন্ন অধিদপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের (আরটিআই) জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালা ০২ (দুই)টিতে খাত ভিত্তিক বিভিন্ন ব্যয় (প্রশিক্ষক/রিসোর্স পার্সনের সম্মানী, | |

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা, কোর্স পরিচালক, কোর্স সমন্বয়ক ও সাপোর্ট স্টাফসহ অন্যান্য আয়োজন ব্যয়) অনুমোদন করা হয়। | |
| ০৫ | তথ্য কমিশন বাংলাদেশ এর হিসাব ও বাজেট শাখায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের সম্মানী ভাতা মঞ্জুরী প্রদান প্রসঙ্গে। | বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্য মেয়াদী বাজেট কাঠামো প্রণয়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীদের অনুকূলে তাঁদের মূল বেতনের সমপরিমাণ অর্থ সম্মানী ভাতা হিসেবে প্রদান করা হয়।<br>তথ্য কমিশন বাংলাদেশ এর হিসাব ও বাজেট শাখার মাধ্যমে তথ্য কমিশনের মধ্য মেয়াদী বাজেট কাঠামো MTBF প্রণয়ন, পরিচালন বাজেট প্রণয়ন, বাজেটের অর্থ ছাড়করণ, অর্থের হিসাব সংরক্ষণ, অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণসহ আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করা হয়।<br>অন্যান্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার ন্যায় তথ্য কমিশনের মধ্য মেয়াদী বাজেট কাঠামো MTBF প্রণয়ন, পরিচালন বাজেট প্রণয়ন, বাজেটের অর্থ ছাড়করণ, অর্থের হিসাব সংরক্ষণ, অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণসহ আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাদির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কে অর্থবছর শেষে মূল বেতনের সমপরিমাণ অর্থ তাদেরকে প্রণোদনা/সম্মানী প্রদানের জন্য অর্থবিভাগে পত্র প্রেরণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | অন্যান্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার ন্যায় তথ্য কমিশনের মধ্য মেয়াদী বাজেট কাঠামো MTBF প্রণয়ন, পরিচালন বাজেট প্রণয়ন, বাজেটের অর্থ ছাড়করণ, অর্থের হিসাব সংরক্ষণ, অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণসহ আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাদির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কে অর্থবছর শেষে মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা/সম্মানী প্রদানের বিষয়ে অর্থবিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (হিসাব ও বাজেট) |
| ০৬ | কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটরদ্বয়ের উচ্চতর গ্রেড প্রদান | কম্পিউটার অপারেটর জনাব মো: মিজানুর রহমান এবং ডাটা এন্ট্রি অপারেটর জনাব মো: মামুন ও মৌ রানী বিশ্বাস "দি কম্পিউটার পারসোনেল (গভরমেন্ট এন্ড লোকল অথরিটি) রিক্রুইটমেন্ট রুল, ১৯৮৫" অনুযায়ী তথ্য কমিশনে যোগদান করেন। তথ্য মন্ত্রণালয়ের বেতন স্কেল মঞ্জুরি মোতাবেক ইন-সার্ভিস ডিপার্টমেন্টাল পরীক্ষায় ০৩-০২-২০১৪ তারিখে উত্তীর্ণ হওয়ার পর কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটরদ্বয় যথাক্রমে ১১ তম ও ১৪ তম গ্রেড-এ উন্নীত হয় । জাতীয় বেতনস্কেল ২০০৯ এবং ২০১৫ অনুযায়ী চাকুরিকালীন সময় ১০ (দশ) বছর অতিক্রান্ত হওয়ায় তারা উচ্চতর গ্রেডের জন্য আবেদন করেন। তথ্য কমিশন বাংলাদেশ প্রশাসনিক কমিশন সভায় উচ্চতর গ্রেডের আবেদন মঞ্জুর করেন। ইন-সার্ভিস ডিপার্টমেন্টাল পরীক্ষায় ২০১৪ সালে উত্তীর্ণ হয়ে উচ্চতর স্কেল প্রাপ্ত হওয়ায় কারণে কোন তারিখ হতে উচ্চতর গ্রেড প্রাপ্ত হবেন এবিষয়ে অর্থ মন্ত্রণালয়ের মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়। অর্থ মন্ত্রণালয় উচ্চতর গ্রেড এর বিষয়ে মতামত প্রদান করেন। অর্থ মন্ত্রণালয়ের মতামতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>ইন-সার্ভিস ডিপার্টমেন্টাল পরীক্ষায় ০৩-০২-২০১৪ তারিখে উত্তীর্ণ হওয়ার পর থেকে তাদের চাকরীর বয়স গত ০২-০২-২০২৪ তারিখে ১০ (দশ) বছর অতিক্রান্ত হয়েছে কিন্তু কোন উচ্চতর গ্রেড প্রাপ্ত হননি | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর কম্পিউটার অপারেটর জনাব মো: মিজানুর রহমান ও ডাটা এন্ট্রি অপারেটরদ্বয় জনাব মো: মামুন ও জনাব মৌ রানী বিশ্বাস কে সর্বশেষ উচ্চতর স্কেল/গ্রেড ডিপার্টমেন্টাল পরীক্ষায় উত্তীর্ণের আদেশের তারিখ ০৩/০২/২০১৪ থেকে চাকরিকাল ১০ বছর পূর্তিতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |

CS CamScanner

| আলোচ্য বিষয় | | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিধায় ১০ (দশ) বছর পূর্তিতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী ০৩-০২-২০২৪ তারিখ থেকে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সর্বশেষ উচ্চতর স্কেল/গ্রেড ডিপার্টমেন্টাল পরীক্ষায় উত্তীর্ণের আদেশের তারিখ ০৩/০২/২০১৪ থেকে চাকরিকাল ১০ বছর পূর্তিতে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানে কমিশন একমত পোষণ করেন। | | |
| ০৭ | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১১ এর বিধি ১৩ (৪) অনুযায়ী প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদেরকে দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুরী প্রদান প্রসঙ্গে। | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১১ এর বিধি ১৩ (৪) অনুযায়ী প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কমিশনের কর্মকর্তা ও কর্মচারীগণ দুইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুরীর জন্য আবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তথ্য কমিশনের বিদ্যমান চাকরি বিধিমালা অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের পদোন্নতির তেমন কোন সুযোগ নাই। সকলেই প্রায় ১০ বছর বা তারও বেশী সময় একই পদে কর্মরত আছেন। তাদের চাকরি সন্তোষজনক বিবেচনায় ০১টি করে বার্ষিক বেতন বৃদ্ধির বিষয়ে কমিশনের নিকট সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের বিষয়ে কমিশন একমত পোষণ করেন:<br>ক) পরিচালক (গ.প্র.প্র), তথ্য কমিশন বাংলাদেশ –সভাপতি<br>খ) উপপরিচালক (প্রশা:), তথ্য কমিশন বাংলাদেশ--- সদস্য<br>গ) সহকারী পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন বাংলাদেশ- - সদস্য সচিব | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১১ এর বিধি ১৩ (৪) অনুযায়ী প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য তাদের চাকরি সন্তোষজনক বিবেচনায় ০১টি করে বার্ষিক বেতন বৃদ্ধির বিষয়ে কমিশনের নিকট সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) পরিচালক (গ.প্র.প্র), তথ্য কমিশন বাংলাদেশ –সভাপতি<br>খ) সহকারী পরিচালক (প্রশা:), তথ্য কমিশন বাংলাদেশ--- সদস্য<br>গ) সহকারী পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন বাংলাদেশ- - সদস্য সচিব | গঠিত কমিটি |
| ০৮ | বিবিধ:<br>১) উপপরিচালকের দুইটি শূন্য পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে চলতি দায়িত্ব প্রদান | তথ্য কমিশন বাংলাদেশ এর বিদ্যমান অর্গানোগ্রামে উপ-পরিচালক এর দুইটি পদ রয়েছে যার মধ্যে একটি পদ শূন্য ছিল এবং অপর পদে প্রেশনে সিনিয়র সহকারী সচিব জনাব সোহানা নাসরিন কর্মরত ছিলেন। গত ১৩/০৮/২০২৪ তারিখে তিনি উপসচিব পদে পদোন্নতি পেয়েছেন এবং উক্ত দিবসেই জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেছেন বিধায় কমিশনের উপ-পরিচালকের দুইটি পদই বর্তমানে শূন্য রয়েছে।<br><br>তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরির বিধিমালা, ২০১১ এর তফসিল অনুযায়ী চাকরিকাল বিবেচনায় দুইজন সহকারী পরিচালক জনাব মোঃ সালাহ উদ্দিন এবং জনাব হেলাল আহমেদ উপপরিচালক পদে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন। বর্ণিত দুইজন সহকারী পরিচালক কে উপপরিচালক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বাছাই | (ক) তথ্য কমিশন এর কার্যক্রম অধিকতর গতিশীল এবং সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার লক্ষ্যে অদ্য ১৪/০৮/২০২৪ তারিখ থেকে উপপরিচালকের দুইটি শূন্য পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী পরিচালক জনাব মোঃ সালাহ উদ্দিন এবং সহকারী পরিচালক জনাব হেলাল আহমেদ কে চলতি দায়িত্ব প্রদানসহ জিও জারীর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) জনাব মোঃ সালাহ উদ্দিন কে চলতি দায়িত্বে উপপরিচালক (গ.প্র.প্র.) পদে এবং জনাব হেলাল আহমেদ কে চলতি দায়িত্বে উপপরিচালক (প্রশাসন) এর দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে একটি অফিস আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |

CS CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কমিটি গঠন করা হয়েছে। বর্তমানে তাদের পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে। পদোন্নতির চূড়ান্ত সুপারিশ না হওয়া পর্যন্ত উপপরিচালকের দুইটি শূন্য পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে দুইজন সহকারী পরিচালক কে চলতি দায়িত্ব প্রদানের বিষয়ে প্রস্তাব উত্থাপিত হয়।<br><br>অতঃপর বিষয়টি কমিশন সভায় আলোচনা করা হয়। তথ্য কমিশন এর কার্যক্রম অধিকতর গতিশীল এবং সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার লক্ষ্যে উপপরিচালক এর পদ দুইটি শূন্য রাখা জনস্বার্থে সমীচীন নয় বিধায় উপপরিচালকের দুইটি শূন্য পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী পরিচালক জনাব মোঃ সালাহ উদ্দিন এবং সহকারী পরিচালক জনাব হেলাল আহমেদ কে চলতি দায়িত্ব প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে কমিশন একমত পোষণ করেন। | | |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা-
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪. ১২৬৪

তারিখ: ১৪/০৮/২০২৪

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৩) উপপরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৪) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
৫) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
৬) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৭) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ
৮) সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৯) অফিস কপি

১৪/০৮/২৪
**(হেলাল আহমেদ)**
সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ

CamScanner

# তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.infocom.gov.bd

## কমিশন সভার কার্যবিবরণী:

**সভাপতি** : **ডক্টর আবদুল মালেক**
প্রধান তথ্য কমিশনার
**সভার তারিখ** : ২৮/০৮/২০২৪ **সময়:** বেলা ১২.০০ টা
**স্থান** : কমিশনের সভাকক্ষ। **উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী (১৪/০৮/২০২৪ তারিখের) কমিশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ | গত ১৪/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। গত ১৪/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণীর ০৪ নং ক্রমিকের ক(৫) এবং খ(৫) এ উল্লিখিত সার্পোট সহায়তাকারীগণের সম্মানীর ক্ষেত্রে ভুলবশত: ২০০০/- (দুই হাজার) টাকার পরিবর্তে ১০০০/- (এক হাজার) টাকা লেখা হয়েছে যা প্রকৃত পক্ষে হবে ২০০০/- (দুই হাজার) টাকা। সে মতে ০৪ নং ক্রমিকের আলোচনা ও সিদ্ধান্তের **জেলা পর্যায়**- ক(৫) এ "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- বলবৎ।" এর স্থলে "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা বলবৎ।" হবে এবং **উপজেলা পর্যায়**- খ(৫) এ "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।" এর স্থলে "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা বলবৎ।" হবে। এছাড়া অন্যান্য বিষয়ে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করার জন্য সকলে একমত পোষণ করেন। | গত ১৪/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণীর ০৪ নং ক্রমিকের ক(৫) এবং খ(৫) এ উল্লিখিত সার্পোট সহায়তাকারীগণের সম্মানীর ক্ষেত্রে ভুলবশত: ২০০০/- (দুই হাজার) টাকার পরিবর্তে ১০০০/- (এক হাজার) টাকা লেখা হয়েছে যা প্রকৃত পক্ষে হবে ২০০০/- (দুই হাজার) টাকা। সে মতে ০৪ নং ক্রমিকের আলোচনা ও সিদ্ধান্তের **জেলা পর্যায়**- ক(৫) এ "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- বলবৎ।" এর স্থলে "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা বলবৎ।" হবে এবং **উপজেলা পর্যায়**- খ(৫) এ "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ১,০০০/- টাকা বলবৎ।" এর স্থলে "সার্পোট সহায়তাকারীগণের সম্মানী পূর্বনির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা বলবৎ।" হবে। এছাড়া অন্যান্য বিষয়ে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন) |
| ০২ | তথ্য কমিশন বাংলাদেশ এর হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদে কর্মরত কর্মচারীদের চাকরিকাল ১০ বছর পূর্তিতে | তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীদের চাকরিকাল ১০ বছর পূর্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী উচ্চতর গ্রেড প্রদান বিষয়ে ইতোপূর্বের গত ২২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত ২.২ নিম্নরূপ:<br>"জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার এর চাকরি ১০বছর পূর্তি হয়েছে। কিন্তু তাদের নিয়োগপ্রাপ্ত বেতন | জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার তথ্য কমিশন বাংলাদেশ এর চাকরিকাল ১০ বছর পূর্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী উচ্চতর গ্রেড প্রদান বিষয়ে ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৭ নভেম্বর ২০২৩ তারিখে জারীকৃত ১৫.৫১. | ১। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (প্রশাসন) |

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| | উচ্চতর গ্রেড প্রদান | স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১১ ও ১৭) যা তথ্য কমিশনের পদমঞ্জরি পত্র ও অর্থ বিভাগের বেতন নির্ধারণী পত্র অনুযায়ী অনুমোদিত বেতন স্কেল ও গ্রেড (যথাক্রমে বেতন গ্রেড ১৩ ও ১৮) এর সাথে তারতম্য থাকার বিষয়টি পর্যালোচনান্তে আগামী ০১ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য ০৩ সদস্য বিশিষ্ট নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>ক) পরিচালক (গ.প্র.প্র.), তথ্য কমিশন—আহবায়ক<br>খ) উপপরিচালক (প্রশাসন), তথ্য কমিশন--- সদস্য<br>গ) সহকারী পরিচালক (হি: ও বা:), তথ্য কমিশন--- সদস্য সচিব<br>এছাড়া উক্ত তারমত্য সংশোধন/ নিষ্পত্তি হওয়ার পর পরবর্তীতে উচ্চতর গ্রেড প্রদান বিষয়টি বিবেচনা করা হবে।"<br>সিদ্ধান্ত মোতাবেক গঠিত উক্ত কমিটি তাদের বেতনস্কেল সংশোধনের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণের সুপারিশ করে। সে অনুযায়ী অর্থ বিভাগে মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়। অর্থ বিভাগ হতে বেতনস্কেল সংশোধন না করে অনুমোদিত বেতনস্কেল সঠিক আছে মর্মে মতামত প্রদান করে।<br>উক্ত মতামতের ভিত্তিতে তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৭ নভেম্বর ২০২৩ তারিখে জারীকৃত ১৫.৫১.০০০০.৫০১.০২.০০১.০৯-৫৫৯ নং স্মারক (হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন সংক্রান্ত আদেশ) এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫৮৭/২০২৪ দাখিল করে। উক্ত রীট পিটিশনের বিষয়ে ২৭/০৩/২০২৪ তারিখের কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লিভ টু আপীল দায়ের করা হলেও উক্ত বিষয়ে কোন আদেশ হয়নি বিধায়, মহামান্য হাই কোর্টের রীট পিটিশন নং- ৫৮৭/২০২৪ এর আদেশ মোতাবেক পূর্বের উত্তোলিত হারে বর্ণিত দুই কর্মচারীকে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে।<br>বিষয়টি যেহেতু মহামান্য হাইকোর্টে বিচারাধীন রয়েছে এবং অর্থ বিভাগের মতামতের উপর ভিত্তি করে তথ্য কমিশন থেকে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লিভ টু আপীল দায়ের করা হয়েছে বিধায় এটি একটি জটিল আইনগত বিষয় জড়িত রয়েছে বিধায়, তাদেরকে উচ্চতর গ্রেড প্রদান বিষয়ে ১৪/০৮/২০২৪ তারিখের সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>"জনাব মোঃ কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মোঃ মোক্তার হোসেন, ডেসপাস রাইডার তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৭ নভেম্বর ২০২৩ তারিখে জারীকৃত ১৫.৫১.০০০০.৫০১.০২.০০১.০৯-৫৫৯ নং স্মারক (হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন সংক্রান্ত আদেশ) এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫৮৭/২০২৪ দাখিল করে। মহামান্য আদালতের বিচারাধীন বিষয় হওয়ায় তাদের বিষয়ে চূড়ান্ত রায় পেলে তদানুযায়ী প্রয়োজন বোধে ভূতাপেক্ষ সুবিধাদি প্রদান করা হবে।" | ০০০০.৫০১.০২.০০১.০৯-৫৫৯ নং স্মারক (হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন সংক্রান্ত আদেশ) এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫৮৭/২০২৪ দাখিল করে। মহামান্য আদালতের বিচারাধীন বিষয় হওয়ায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী জনাব মো: কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মো: মোক্তার হোসেন, ডেসপাস রাইডারকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে কমিশনের আপীল দায়েরকারী আইনজীবী জনাব মো: ফারুক হোসেন এর মতামত গ্রহণ করা যেতে পারে। | |

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা/সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পরবর্তীতে তারা ১৫/০৮/২০২৪ তারিখে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি পুনরায় বিবেচনার জন্য আবেদন দাখিল করেন। আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপরোক্ত বিষয় বিবেচনায় জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী জনাব মো: কহিনুর ইসলাম, হিসাবরক্ষক এবং জনাব মো: মোক্তার হোসেন, ডেসপাস রাইডার কে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে তথ্য কমিশনের আপীল দায়েরকারী আইনজীবী জনাব মো: ফারুক হোসেন এর মতামত নেয়া যেতে পারে মর্মে কমিশন একমত পোষণ করেন। | | |
| ০৩ | বিবিধ:<br>১) পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ থেকে প্রাপ্ত "তথ্য কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন প্রসঙ্গে | তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক বাস্তবায়িত "তথ্য কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়। প্রণীত প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। সে অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পত্র প্রস্তুত করা হয়েছে যা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রস্তুতকৃত অগ্রগতি প্রতিবেদন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন। | "তথ্য কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহের উপর প্রস্তুতকৃত অগ্রগতি বাস্তবায়ন প্রতিবেদন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। সহ: পরিচালক (প্রশা:) |
| | ২) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ২৮ সেপ্টেম্বর পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ২৮ সেপ্টেম্বর পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের জন্য সভায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের বাণীর খসড়া উপস্থাপন করা হয়। | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ২৮ সেপ্টেম্বর পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের জন্য সভায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের বাণীর খসড়া চূড়ান্ত করা হয়। বাণীর খসড়া সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (গ.প্র.প্র.)<br>২। উপপরিচালক (গ.প্র.প্র)<br>৩। সহ: পরিচালক (হিসাব ও বাজেট)<br>৪। সহ: পরিচালক (প্রচার ও প্রকাশ) |
| | ৩) জেলা পর্যায়ে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপনের বাজেট নির্ধারণ। | জেলা পর্যায়ে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপনের জন্য জেলা প্রশাসকগণকে বাজেট প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জেলা পর্যায়ে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপনের জন্য ২০২৩ সালের ন্যায় প্রতি জেলায় ভ্যাট ও আয়কর ব্যতীত ১০,০০০/- (দশ হাজার টাকা) করে বাজেট [ভ্যাট ও আয়করসহ ১১,৫০০/- (এগার হাজার পাঁচ শত) টাকা] প্রত্যেক জেলা প্রশাসক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ভ্যাট ও আয়কর কর্তন করে নিট ১০,০০০/- (দশ হাজার) টাকা করে প্রেরণ করতে হবে। | |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

CamScanner

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪. ১৬০৫ তারিখ: ২৮/০৮/২০২৪

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৩) উপপরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৪) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
৫) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ
৬) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ
৭) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ
৮) সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন বাংলাদেশ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৯) অফিস কপি

২৮/০৮/২৪

**(হেলাল আহমেদ)**
সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ

CamScanner